AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 08-11-2026 **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, দেশের প্রতিটি জেলা নকশাল আতঙ্ক কাটিয়ে দীপাবলি পালন করছে।

#ছত্তিসগড়ের বাস্তারে তিনি সেনাবাহিনীর সঙ্গে আজ দীপাবলীর অনুষ্ঠানে যোগ দেন।

২। চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় আজ সারা দেশে, আলোর উৎসব- দীপাবলি ও কালীপুজো উদ্‌যাপিত হচ্ছে।

#শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণন ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৩। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, সেনাবাহিনীর অতন্দ্র প্রহরার কারণেই, সমস্ত দেশের মানুষ যে আজ শান্তিতে দিপাবলী পালন করছে।

৪। কেরালায় শিগেলা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধের জন্য রাজ্য স্বাস্থ্যদপ্তর বেশ কিছু সতর্কতা মূলক ব্যবস্থা গ্রহণ করেছে।

৫। ইজরায়েলে নতুন সরকার গঠনের জন্য ইজরায়েলের প্রাক্তন সেনা প্রধান গাদি আইজেনকোটকে আমন্ত্রণ জানিয়েছে সে দেশের রাষ্ট্রপতি।

৫। পুরুষদের অনুর্দ্ধ ১৯ এশিয়া কাপ ক্রিকেটে ভারত আজ পাকিস্তানের বিরুদ্ধে খেলছে। ৭ উইকেটে ভারতের রান ১৭০।

oooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ছত্তিশগড়ের বাস্তারে সেনাকর্মীদের সঙ্গে দীপাবলী উদযাপন করেন। তিনি বলেন, সারা দেশে এবং বিদেশে বসবাসকারী কোটি কোটি ভারতীয় আনন্দ ও উদ্দীপনার সঙ্গে আলোর উৎসব পালন করছেন। জওয়ানদের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, দেশের সীমান্তে প্রহরারত জওয়ানরা তাঁর পরিবারের অংশ।

শ্রী মোদী বলেন, একসময় নকশালবাদে আক্রান্ত বস্তার এখন সেনাবাহিনীর আত্মত্যাগ ও নিষ্ঠার সুবাদে শান্তি ও উন্নয়নের এক নতুন যুগের সাক্ষী হচ্ছে। নকশালবাদ ও মাওবাদী সহিংসতার বিরুদ্ধে কয়েক দশক ধরে চলা লড়াইয়ে দেশ একটি বড় মাইলফলক অর্জন করেছে বলেও মন্তব্যক্ত করেন শ্রী মোদী।

(বাইট – প্রধানমন্ত্রী)

তিনি জানান, এটিই প্রথম দীপাবলি, যখন দেশের প্রতিটি জেলা নকশালমুক্ত এবং লক্ষ লক্ষ মানুষ নকশাল সহিংসতার আতঙ্ক কাটিয়ে উঠেছে।

শ্রী মোদী বলেন, দেশকে অগ্রাধিকার দিয়ে কাজ করার ফলে গোটা দেশে উন্নয়ন সুনিশ্চিত করা সম্ভব হয়েছে। এর নেপথ্যে সেনা ও নিরাপত্তার বাহিনীর ভূমিকা বিশেষ উল্লেখযোগ্য বলেও জানান তিনি।

oooooooooooooooooooooooooo

দেশ জুড়ে আজ পালিত হচ্ছে আলোর উৎসব- দীপাবলি ও কালীপুজো। কার্তিক মাসের কৃষ্ণ পক্ষের অমাবস্যা তিথিতে চিরাচরিত রীতি অনুযায়ী দেবী শ্যামার আরাধনায় যাবতীয় প্রস্তুতি সম্পন্ন। পশ্চিমবঙ্গে দক্ষিণেশ্বরে ভবতারিণী মায়ের মন্দির, আদ্যাপীঠ, কালীঘাট, তারাপীঠ, কঙ্কালীতলা মন্দির ও বেলুড় মঠে সকাল থেকেই ভক্তদের লম্বা লাইন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দীপাবলি উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। রাষ্ট্রপতি তাঁর বার্তায় বলেছেন, দীপাবলি হল অশুভ শক্তির বিরুদ্ধে শুভ শক্তির জয়। পবিত্র এই দিনে সকলের সুখ, শান্তি ও সমৃদ্ধির প্রার্থনা করেন তিনি। প্রধানমন্ত্রীও সকল দেশবাসীকে আলোর উৎসবে মেতে ওঠার আহ্বান জানিয়েছেন।

(বাইট – প্রধানমন্ত্রী)

oooooooooooooooooooooooooo

কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ সিকিমের শেরাথাং ওয়ার মেমোরিয়ালে ভারতীয় সেনাবাহিনীর জওয়ানদের সঙ্গে দীপাবলি উদযাপন করেন।

শেরাথাং সিকিমের পূর্বাঞ্চলে নাথু লা পাসের ঠিক নিচে অবস্থিত একটি ছোট উপত্যকা এবং গুরুত্বপূর্ণ সামরিক ও প্রশাসনিক ঘাঁটি। ১৯৬৭ সালের ভারত-চিন যুদ্ধের (বিশেষত নাথু লা

ও চো লা সংঘর্ষের) সময় শেরাথাং ভারতীয় সেনাবাহিনীর জন্য একটি গুরুত্বপূর্ণ ঘাঁটি ও রসদ সরবরাহ কেন্দ্র হিসেবে কাজ করেছিল।

১৯৬৭ সালের ভারত-চিন যুদ্ধের সময় শেরাথাংয়ে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা যেসব বীর সেনা তাঁদের প্রাণ বিসর্জন দিয়েছিলেন, রাজনাথ সিং তাঁদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

(ভয়েস কাস্ট_মৈনাক)

তিনি আরও বলেন, শেরাথাং ওয়ার মেমোরিয়াল দেশের জন্য সর্বোচ্চ বলিদান দেওয়া শহিদ ও বীর যোদ্ধাদের প্রতি এক যথার্থ শ্রদ্ধার্ঘ্য। এই সফরে প্রতিরক্ষা মন্ত্রীর সঙ্গে সেনাপ্রধান জেনারেল ধীরজ শেঠ এবং সেনাবাহিনীর অন্যান্য পদস্থ আধিকারিকরাও উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooooooo

প্রাক্তন উপপ্রধানমন্ত্রী তথা প্রবীণ বিজেপি নেতা লালকৃষ্ণ আডবাণীর জন্মদিনে তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন। সমাজমাধ্যমে এক বার্তায় তিনি বলেন, শ্রী আডবাণীর জনসেবা এবং দেশের প্রতি তাঁর অঙ্গীকার ভারতের গণতান্ত্রিক যাত্রার গুরুত্বপূর্ণ অংশ হয়ে রয়েছে। প্রবীণ এই নেতার সুস্বাস্থ্য, ও দীর্ঘায়ু কামনা করেছেন উপরাষ্ট্রপতি।

লালকৃষ্ণ আডবাণীর ৯৯তম জন্মদিনে তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত নিবন্ধে প্রধানমন্ত্রী বলেছেন, ‘রাষ্ট্র সর্বাগ্রে’—এই আদর্শের ভিত্তিতে ভারতীয় জনতা পার্টির সুস্পষ্ট ভিত গড়ে দিয়েছিলেন আডবাণী।

শ্রী আডবাণীর দীর্ঘ রাজনৈতিক জীবন এবং দলের প্রতি তাঁর অবদানের কথা স্মরণ করে তাঁকে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী।

oooooooooooooooooooooooooo

প্রবীণ বিজেপি নেতা ভারতরত্ন লালকৃষ্ণ আডবাণীর শততম জন্মবার্ষিকী উপলক্ষে আজ নতুন দিল্লিতে দলের সদর দপ্তরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন বলেন, রাজনীতিতে মর্যাদা, সততা ও সংবেদনশীলতার আদর্শ

গ্রহণে তরুণ প্রজন্মের কাছে আডবাণীর জীবন ও কর্ম অনুপ্রেরণা হয়ে থাকবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আডবাণীর কন্যা প্রতিভা আডবাণী-সহ দলের শীর্ষ নেতারা।

oooooooooooooooooooooooooooo

দীপাবলি উৎসব উপলক্ষে ত্রিপুরার উদয়পুরে মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরে পুণ্যার্থীদের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় যাত্রীদের যাতায়াতের সুবিধার্থে উত্তর-পূর্ব সীমান্ত রেল দুটি বিশেষ ট্রেন চালু করেছে । আগরতলা-সাব্রুম রুটে এবং আগরতলা-ধর্মনগর রুটে ট্রেনগুলি চলাচল করবে । ত্রিপুরার পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী রেলের এই উদ্যোগে কে স্বাগত জানিয়েছেন ।

oooooooooooooooooooooooooooo

কেরালায় শিগেলা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধের জন্য রাজ্য স্বাস্থ্য দপ্তর বেশ কিছু সতর্কতা মূলক ব্যবস্থা গ্রহণ করেছে। তিরুবনন্তপুরম ও ত্রিশূরে গতকাল একজন এবং মালাপ্পুরম ও কোঝিকোড়ে তিনজন শিগেলা আক্রান্তের সন্ধান পাওয়া গেছে । অপরদিকে মালাপ্পুরম জেলায় এখনো পর্যন্ত আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে আটে। সংক্রমণ রুখতে স্বাস্থ্য দপ্তর রাজ্যজুড়ে সতর্কতা জারি করেছে । সংক্রমণ প্রতিরোধে ক্লোরিন মেশানো-জল ব্যবহার সহ একাধিক সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

oooooooooooooooooooooooooooo

ইজরায়েলে বেঞ্জামিন নেতানিয়াহুকে সরিয়ে নতুন প্রধানমন্ত্রী হবেন ইজরায়েলের প্রাক্তন সেনা প্রধান গাদি আইজেনকোট। গত রাতে ইজরায়েলের রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনার পর তাঁকে নতুন সরকার গঠনের জন্য আমন্ত্রণ জানিয়েছেন সে দেশের রাষ্ট্রপতি আইজ্যাক হ্যারসগ। ১২০ সদস্যের ইজরায়েলি সংসদ নেসেটে ৬৭ জন সাংসদের সমর্থন পেয়েছেন আইজেনকোট। অন্যদিকে, নেতানিয়াহুর পক্ষে সমর্থন জানিয়েছেন ৪৬ জন সাংসদ। নতুন সরকার গঠনের জন্য ইয়াশার পার্টির প্রধান আইজেনকোটের হাতে রয়েছে ২৮ দিন। প্রয়োজনে আরও ১৪ দিন সময় বাড়াতে পারবেন রাষ্ট্রপতি। ৬৭ জন সাংসদের সমর্থন নিয়ে সংখ্যাগরিষ্ঠ সরকার গঠন সম্ভব নয় বলে এই প্রক্রিয়া জটিল হতে পারে বলে মনে করা হচ্ছে। দায়িত্ব পাওয়ার পর এক্স হ্যান্ডেলে আইজেনকোট জানিয়েছেন, দেশে এখনই একটি জাতীয় জরুরি সরকার গঠনের সময়। গাজা যুদ্ধ পরিচালনার ক্ষেত্রে নেতানিয়াহুর ভূমিকার সমালোচনা করেছেন তিনি। উল্লেখ্য, গত ২৭শে অক্টোবরের নির্বাচনে কোনও পক্ষই সংসদে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পায়নি। নেতানিয়াহু, যিনি পরাজয় স্বীকার করেননি, তিনি এখনো একটি জাতীয়

ঐক্য সরকার গঠনের জন্য জোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। জোট গঠনের আলোচনায় নিরাপত্তা, গাজা যুদ্ধ, সামরিক বাহিনীতে বাধ্যতামূলক নিয়োগ এবং আরব-নেতৃত্বাধীন দলগুলোর ভূমিকা— এই বিষয়গুলো প্রাধান্য পাবে বলে আশা করা হচ্ছে।

oooooooooooooooooooooooooo

বিশ্বের অন্যান্য দেশেও দীপাবলি উদযাপন করা হচ্ছে। প্যারিসে, স্বামী বিবেকানন্দ সাংস্কৃতিক কেন্দ্রে এই উপলক্ষ্যে আয়োজিত বিশেষ অনুষ্ঠানে রামায়ণের কাহিনী পুতুল নাচের মাধ্যমে প্রদর্শিত হয়। বিখ্যাত শিল্পী উষা ভেঙ্কটারামনের এই পরিবেশনা ভারতীয় মহাকাব্যকে জীবন্ত করে তোলে।

সংযুক্ত আরব আমিরশাহীর ভাইস প্রেসিডেন্ট শেখ মহম্মদ বিন রাশিদ আল মাকতুম সামাজিক মাধ্যমে এক পোস্টে দীপাবলি উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।
ভারতে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত জাঁ-এরিক প্যাকেত এদেশে নিজের প্রথম দীপাবলীর অভিজ্ঞতার কথা স্মরণ করেছেন। জার্মানি, ভুটান, ডেনমার্ক ও নরওয়ের রাষ্ট্রদূতও দীপাবলীর শুভেচ্ছা জানিয়েছেন।

ভারতে জাপানের দূতাবাস উৎসব উপলক্ষে মধ্যাহ্ন ভোজের আয়োজন করেছে।
মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দীপাবলী উদযাপনের অঙ্গ হিসেবে হোয়াইট হাউসে প্রদীপ প্রজ্জ্বলন করেন।

oooooooooooooooooooooooooo

মধ্য জাপানে আজ সকালে শক্তিশালী ভূমিকম্পে অন্তত ২২ জন আহত হয়েছেন। জাপানের আবহাওয়ার দপ্তর জানিয়েছে, ভূকম্পনের মাত্রা ছিল ৫.৭। একাধিক আফটার শকও অনুভূত হয়েছে বলে খবর। ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল শিজুওকা অঞ্চলে মাটির প্রায় ৪০ কিলোমিটার গভীরে। হামামাতসু শহর, কিয়োটো ও নারা এবং ইয়ামানাশির একাধিক এলাকা কেঁপে ওঠে। প্রাণ বাঁচাতে বাড়ির বাইরে বেরিয়ে আসেন স্থানীয় মানুষজন।

oooooooooooooooooooooooooo

ভারতীয় আবহাওয়া দপ্তর আই এমডি আজ কেরলম, মাহে, তামিলনাড়ু, পুদুচেরী এবং করাইকল অঞ্চলে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। অন্ধ্রপ্রদেশ ও লাক্ষাদ্বীপে আজ ও আগামীকাল বজ্রবিদ্যুৎ

সহ ঝড়বৃষ্টি এবং দমকা হাওয়া বইতে পারে বলে জানানো হয়েছে। এই সময়ে অন্ধ্রপ্রদেশে জোরালো বায়ুপ্রবাহ অব্যাহত থাকবে।

আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী মঙ্গলবার থেকে উত্তর-পশ্চিম হিমালয় সন্নিহিত অঞ্চলে নতুন করে পশ্চিমী ঝঞ্ঝার প্রভাব পড়ার সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooooooooooo

পুরুষদের অনুর্দ্ধ ১৯ এশিয়া কাপ ক্রিকেটে ভারত আজ পাকিস্তানের বিরুদ্ধে খেলছে। শেষ পাওয়া খবরে ভারতের রান সাত উইকেটে ১৭০। ওমানে এশিয়া কাপের গ্রুপ এ- র খেলায় ভারত টসে জিতে ব্যাট করছে। এই ম্যাচের ফলাফলের ওপর নির্ভর করছে কোন দল গ্রুপের শীর্ষে থেকে সেমিফাইনালের রাস্তায় এক ধাপ এগিয়ে যাবে। টুর্নামেন্টে ভারত ও পাকিস্তান দুই দলই প্রথম ম্যাচে জয় দিয়ে যাত্রা শুরু করেছে। ভারত পরাজিত করেছে নেপালকে, অন্যদিকে পাকিস্তান হারিয়ে দিয়েছে সংযুক্ত আরব আমিরশাহীকে।

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo